



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)
৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
Website : www.bteb.gov.bd

স্মারক নং: ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০১.২৫.২০৪

তারিখ: ২৬ অক্টোবর, ২০২৫খ্রি.

ফলাফল প্রকাশ ও পুনঃনিরীক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি


সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জুলাই-আগস্ট, ২০২৫ মাসে অনুষ্ঠিত ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-টুরিজম এন্ড হসপিটালিটি এবং সার্টিফিকেট ইন মেরিন ট্রেড শিক্ষাক্রমের পর্ব সমাপনী পরীক্ষার ফলাফল ২৬ অক্টোবর, ২০২৫ খ্রি. তারিখে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে (www.bteb.gov.bd) প্রকাশ করা হয়েছে। উক্ত পরীক্ষার ফলাফল পুনঃনিরীক্ষণের আবেদন করার নিয়ম নিম্নে দেয়া হলোঃ

(ক) **তত্ত্বীয় পরীক্ষার উত্তরপত্র পুনঃনিরীক্ষণ:** নির্ধারিত ফি (বিষয় প্রতি ৩০০ টাকা) প্রদান করে পরীক্ষার্থীর নিজ প্রতিষ্ঠানের মাধ্যমে তত্ত্বীয় পরীক্ষার উত্তরপত্র পুনঃনিরীক্ষণের আবেদন ২৭-১০-২০২৫ খ্রি: হতে ০৪-১১-২০২৫খ্রি: তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

❖ অনলাইনে আবেদনের তথ্য এন্ট্রি ও সোনালী সেবার মাধ্যমে পুনঃনিরীক্ষণের ফি জমা দেয়ার পদ্ধতি :

বোর্ডের ওয়েবসাইটে (www.bteb.gov.bd) ‘পুনঃনিরীক্ষণ/স্থগিত ফলাফল’ লিংকে প্রবেশ করে প্রতিষ্ঠান কোড ও সঠিক পাসওয়ার্ড দিয়ে নিম্নের পদ্ধতি অনুযায়ী পুনঃনিরীক্ষণের তথ্য এন্ট্রি করতে হবে।

ধাপ-০১ (Apply):



ধাপ-০২ (Preview): সংশ্লিষ্ট প্রতিষ্ঠান তাদের পুনঃনিরীক্ষণে আবেদনকৃত তথ্য ‘Preview’ তে দেখতে পারবে এবং প্রয়োজনে Print করতে পারবে।

ধাপ-০৩ (Payment Summary) : [০৬-১১-২০২৫ হতে ১০-১১-২০২৫খ্রি. পর্যন্ত কাজ করবে] [Payment Summary List]

SL No	Semester/ Year	Amount	Comments
1.	5 th Semester	900	
Total		900	

Click for Online Payment

ধাপ-০৪: Sonali Payment Gateway এর মাধ্যমে সোনালী ব্যাংক একাউন্ট অথবা মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস এর মাধ্যমে পুনঃনিরীক্ষণের ফি প্রদান করতে হবে।

(খ) প্রতিষ্ঠানের করণীয়:

- ❖ প্রতিষ্ঠান পুনঃনিরীক্ষণে আগ্রহী পরীক্ষার্থীদের আবেদন ও প্রয়োজনীয় ফি সরাসরি/ মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসের মাধ্যমে গ্রহণ করবে।
- ❖ প্রাপ্ত আবেদনের তথ্য ও ফি উল্লিখিত নির্দেশনা অনুযায়ী প্রতিষ্ঠানকর্তৃক অনলাইনের (www.bteb.gov.bd) মাধ্যমে এন্ট্রি ও পরিশোধ করতে হবে।
- ❖ অনলাইনে আবেদনকারী পরীক্ষার্থীদের ফাইনাল লিস্ট প্রিন্ট: ০৬-১১-২০২৫ হতে ১০-১১-২০২৫খ্রি. পর্যন্ত।
- ❖ পুনঃনিরীক্ষণের তথ্যসমূহ, Final List ও ফি পরিশোধের সকল হার্ডকপি ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে/ বাহক মারফত ১৬-১১-২০২৫খ্রি তারিখের মধ্যে বোর্ডে প্রেরণ করবে।
- ❖ পুনঃনিরীক্ষণের আবেদন প্রেরণ সংক্রান্ত যাবতীয় ব্যয় সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বহন করবে।
- ❖ Final List প্রিন্ট করে প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

উল্লেখ্য, অনলাইনে এন্ট্রিকৃত তথ্য ফাইনাল লিস্টে না নিলে এবং অনলাইনে পেমেন্ট সম্পন্ন না করলে পুনঃনিরীক্ষণের আবেদন সম্পন্ন হবেনা বিধায় এ ধরনের আবেদন পুনঃনিরীক্ষণের জন্য বিবেচনা করা হবেনা।

(গ) TC, PC, PF এবং GPA সংশোধন: আগামী ১৬-১১-২০২৫খ্রি. তারিখের মধ্যে নিম্নে উল্লিখিত প্রমাণক ও প্রতিষ্ঠান জরিমানাসহ পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর ম্যানুয়াল আবেদন বোর্ডের ডিপ্লোমা পরীক্ষা শাখায় সরাসরি জমা দিতে হবে:

- ❖ **TC, PC সংশোধন:** ফলাফলে TC, PC Withheld কিংবা Cancelled_Sub উল্লেখ থাকলে সংশোধনের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মাধ্যমে আবেদনের করতে হবে। আবেদনের সাথে প্রবেশপত্রের কপি, ফলাফলের PDF কপি এবং সংশোধিত নম্বরপত্র সংযুক্ত করতে হবে।
- ❖ **GPA সংক্রান্ত সংশোধন:** ৮ম পর্বের অনিয়মিত কোন পরীক্ষার্থীর ফলাফলে CGPA উল্লেখ না থাকলে সংশোধনের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মাধ্যমে আবেদনের করতে হবে। আবেদনের সাথে প্রবেশপত্রের কপি, ফলাফলের PDF কপি এবং শিক্ষার্থীর ১ম, ২য় ও ৩য় পর্বের GPA এবং টেবুলেশন সিট/ মার্ক সিট সংযুক্ত করতে হবে।
- ❖ **PF সংক্রান্ত সংশোধন:** ফলাফলে PF Withheld বা অনুত্তীর্ণ থাকলে উপযুক্ত প্রমাণকসহ (প্রদেয় ও সংশোধিত PF নম্বর, হাজিরা সিট ও সংশোধিত নম্বরপত্র ইত্যাদি) সংশ্লিষ্ট কেন্দ্রের মাধ্যমে আবেদন করতে হবে।

বিঃদ্রঃ পুনঃনিরীক্ষণের আবেদনকারী ছাত্র/ছাত্রী পরবর্তী পর্বে ফরম ফিলাপের যোগ্য হলে শুধুমাত্র নির্ধারিত ফি প্রদান করে ফরম ফিলাপের সুযোগ পাবে।


স্বাক্ষরিত/-
(প্রকৌশলী মোঃ আবুল কালাম আজাদ)
পরীক্ষা নিয়ন্ত্রক

স্মারক নং: ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০১.২৫. ২০৪(১৪)

তারিখ: ২৬ অক্টোবর, ২০২৫খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
[দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (কারিগরি)]
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
[দৃষ্টি আকর্ষণ: সহকারী পরিচালক-৩]
৩. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর (সংশ্লিষ্ট সকল)।
৫. অধ্যক্ষ, পলিটেকনিক ইন্সটিটিউট/বাংলাদেশ ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি/বাংলাদেশ ইন্সটিটিউট অব গ্লাস এন্ড সিরামিক/
গ্রাফিক আর্টস ইন্সটিটিউট/বাংলাদেশ সার্ভে ইন্সটিটিউট/ইঞ্জিনিয়ারিং এন্ড সার্ভে ইন্সটিটিউট/ফেনী কম্পিউটার ইন্সটিটিউট,।
৬. অধ্যক্ষ/পরিচালক,।
৭. উপ-সচিব (রেজিঃ)/উপ-সচিব (প্রশাসন)/উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক- গোপনীয়/সনদ/বিএম/ভোকঃ/শর্টকোর্স, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (নোটিশটি Website-এ প্রকাশ করাসহ উল্লিখিত তারিখসমূহে
Online কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।
১১. সহকারী প্রোগ্রামার, (ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষার দায়িত্ব প্রাপ্ত), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. ইনফরমেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪. নথি।


২৬-১০-২০২৫
(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)
ফোন : ০২-৫৫০০৬৫৩১